৭০

তারিখ 21 MAY 1997
পৃষ্ঠা ৩ কলাম ১

দৈনিক ইনকিলাব

# সরকার ঢাকা ভার্সিটির ভিসির মাধ্যমে ছাত্র দলকে স্তব্ধ করার ষড়যন্ত্র করছে

************************************ছাত্র দল সভাপতি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্র দল সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলেছেন, বর্তমান ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকার ছাত্র দলকে স্তব্ধ করে দেয়ার ষড়যন্ত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভাইস চ্যান্সেলরের মাধ্যমে বাস্তবায়ন করতে চান। এ কারণে ভিসি পক্ষপাতমূলক আচরণ করছেন। ছাত্র লীগের ৭টি হলকে সন্ত্রাসীদের অভয়ারন্যে পরিণত করেছে। অথচ পুলিশ ঘিরে রেখেছে অন্য ৪টি হলকে। গোয়েন্দা পুলিশ ক্যাম্পাসের উত্তর পাড়ার ৪টি হলের ছাত্র দল কর্মীদের বারবার হয়রানি করছে। তিনি বলেন, বিশ্ববিদালয়ের প্রক্টর সন্ত্রাসীদের বড় আশ্রয়দাতা বলে আমরা তার পদত্যাগ চেয়েছি। তিনি পদত্যাগ করেননি। এখন আমরা তার অপসারণ চাই। জনাব এ্যানি বলেন, বিশ্ববিদ্যালয়ের ভিসি তার প্রশাসনের কোন অনিয়মের প্রতিবাদ করতে দিতে চান না। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নিয়োগে ব্যাপক অনিয়ম ও দলীয়করণের বিরুদ্ধে আমরা প্রতিবাদ জানিয়েছি। এরপরও এ অনিয়ম, দলীয়করণ, দুর্নীতি অব্যাহত থাকলে আমরা ভিসি'র পদত্যাগের দাবীতে আন্দোলন শুরু করবো। আর ছাত্র দলের আন্দোলন কখনও ব্যর্থ হয় না। তিনি সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত ছাত্র দলের এক সমাবেশে বক্তৃতাকালে একথা বলেন। বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষপাতমূলক আচরণ, হলে হলে পুলিশী হামলা ও বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের অপসারণের দাবীতে অনুষ্ঠিত এ সমাবেশের আগে একটি বিক্ষোভ মিছিল কলাভবন এলাকা প্রদক্ষিণ করে। বিশ্ববিদ্যালয় ছাত্র দলের আহবায়ক নাসিরুদ্দীন অসীমের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন ছাত্র দলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল, কেন্দ্রীয় নেতা আবদুল খালেক, এবিএম মোশাররফ হোসেন, মনোয়ার হোসেন রানা, সাহাবুদ্দিন লাল্টু, হেলেন জেরিন খান, মনির হোসেন, রফিক শিকদার, বিশ্ববিদ্যালয় শাখা'র যুগ্ম আহবায়ক সেলিমুজ্জামান সেলিম, নুরুল হক জিতু, জয়ন্ত কুন্ড, বশির আহমদ খান প্রমুখ।

হাবিবুন্নবী হোসেল বলেন, আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য প্রফেসর একে আজাদ চৌধুরী ভিসির দায়িত্ব নিয়ে বলেছিলেন, তিনি তার নিরপেক্ষতা বজায় রাখবেন। কিন্তু ইতোমধ্যে ছাত্র দল কর্মীদের উপর পুলিশী নির্যাতন, শিক্ষক নিয়োগে অনিয়ম, দলীয়করণ, প্রশাসনিক দুর্নীতির মাধ্যমে ভিসি'র নিরপেক্ষতার আলখেল্লা এখন খসে পড়েছে। এদিকে, গত রবিবার রাতে বিশ্ববিদ্যালয়ের মুজিব হলে ছাত্র দলের এক কর্মী সভা অনুষ্ঠিত হয়। এদিকে, আবু আরিফ মোঃ শামীমকে আহবায়ক ও আহমেদ নজিরকে যুগ্ম আহবায়ক করে ব্রাহ্মণবাড়িয়া জেলা ছাত্র দলের ৪৩ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠন করা হয়েছে।